# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রশাসন বিভাগ
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
www.bffwt.gov.bd

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০২০-২১ অর্থবছরের আগস্ট মাসে এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অনুষ্ঠিত এপিএ বাস্তবায়ন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আবু সাইদ ফকির।<br>পরিচালক (শিল্প ও বাণিজ্য) ও টিম প্রধান, এপিএ বাস্তবায়ন টিম। |
| সভার তারিখ | : | ২২/০৯/২০২০ |
| সভার সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য এপিএ টিমের ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানান। এপিএ টিম ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোগজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আগস্ট ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহিত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | [১.১] যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান। | ভাতা প্রদানের ক্রমপুঞ্জিভুত লক্ষ্যমাত্রা ১১,০০০ জনের মধ্যে গত অর্থবছরে অর্থাৎ জুলাই ২০১৯ হতে জুন ২০২০ পর্যন্ত অর্জন ১০৩৪৯ জন। বর্তমান ২০২০-২১ অর্থবছরে ৬৫১ জনকে ভাতা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। এর মধ্যে জুলাই ২০২০ মাসে অগ্রগতি নেই; তবে আগস্ট ২০২০ মাসে ১৭ জনকে ভাতা প্রদান করা হয়েছে। যাচাই-বাছাই কমিটি কর্তৃক কার্যক্রম সম্পন্ন হওয়ার পর লক্ষ্যমাত্রা অনুযায়ী ভাতা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | কল্যাণ বিভাগ |
| ২. | [১.২] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের ৩৬,৫০০ সদস্যকে রেশন সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। আগস্ট ২০২০ মাসে ৬৮০ জনসহ এ পর্যন্ত ১০৯০ জন সদস্যকে রেশন কার্ড প্রদান করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | কল্যাণ বিভাগ |
| ৩. | [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের উন্নত মানের আইডি কার্ড প্রদান। | যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের ৩৫০টি উন্নত মানের আইডি কার্ড দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত। আগস্ট ২০২০ মাসে কোন আবেদন না পাওয়ায় আইডি কার্ড ইস্যু করা যায়নি। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | কল্যাণ বিভাগ |
| ৪. | [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | ৪১০ জনকে চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। আগস্ট ২০২০ মাসে ২৯ জনসহ এ পর্যন্ত মোট ১০২ জন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | কল্যাণ বিভাগ |

| ক্র: নং | কৌশলগত উদ্দেশ্যে/ কার্যক্রম | এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫. | [১.৫] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ঈদুল ফিতর ও ঈদুল আযহা উদযাপনের নিমিত্ত উৎসব বোনাস প্রদান। | ঈদুল আজহার উৎসব বোনাস প্রদান করা হয়েছে। ঈদুল ফিতরের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ২৫/০৪/২০২১ তারিখের মধ্যে অর্জনের ব্যবস্থা নেয়া হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে ব্যবস্থা নিতে হবে। | কল্যাণ বিভাগ |
| ৬. | [১.৬] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের জন্য বার্ষিক বনভোজন অনুষ্ঠানের আয়োজন। | বার্ষিক বনভোজন অনুষ্ঠান আয়োজনের জন্য ১৯-০১-২০২১ তারিখ নির্ধারিত। যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কল্যাণ বিভাগ |
| ৭. | [২.১] ট্রাস্ট মালিকানাধীন গাজীপুরস্থ ইউনাইটেড টোবাকো কোম্পানি লি: (ইউটিসি)-এর জমিতে ওয়্যারহাউজ নির্মাণের লক্ষ্যে কনসালটেন্টের মাধ্যমে নকসা ও প্রাক্কলন প্রস্তুতকরণ। | কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যমাত্রা ২১.০৪.২০২১ তারিখ এবং নকসা ও প্রাক্কলন প্রস্তুতের লক্ষ্যমাত্রা ২১.০৬.২০২১ তারিখ নির্ধারিত। এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। | প্রকৌশল শাখা |
| ৮. | [২.২] ট্রাস্ট মালিকানাধীন বাংলাদেশ গ্লাস ইন্ডাস্ট্রিজ লি: (হাইসন্স) -এর জমিতে ওয়্যারহাউজ নির্মাণের লক্ষ্যে কনসালটেন্টের মাধ্যমে নকসা ও প্রাক্কলন প্রস্তুতকরণ। | কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যমাত্রা ২১.০৪.২০২১ তারিখ এবং নকসা ও প্রাক্কলন প্রস্তুতের লক্ষ্যমাত্রা ২১.০৬.২০২১ তারিখ নির্ধারিত। ইতোমধ্যে কনসালটেন্ট নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ৯. | [২.৩] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ মেটাল প্যাকেজেস লিঃ-এর জমিতে ওয়্যারহাউজ নির্মাণের লক্ষ্যে কনসালটেন্টের মাধ্যমে নকসা ও প্রাক্কলন প্রস্তুতকরণ। | কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যমাত্রা ২১.০৪.২০২১ তারিখ এবং নকসা ও প্রাক্কলন প্রস্তুতের লক্ষ্যমাত্রা ২১.০৬.২০২১ তারিখ নির্ধারিত। এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১০. | [২.৪] ট্রাস্ট মালিকানাধীন ঢাকাস্থ স্কুল বাড়ির জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে কনসালটেন্টের মাধ্যমে নকসা ও প্রাক্কলন প্রস্তুতকরণ। | কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যমাত্রা ২১.০৪.২০২১ তারিখ এবং নকসা ও প্রাক্কলন প্রস্তুতের লক্ষ্যমাত্রা ২১.০৬.২০২১ তারিখ নির্ধারিত। এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১১. | [২.৫] ট্রাস্ট মালিকানাধীন বাক্সলি ওয়্যারহাউস তৃতীয় ধাপ নির্মাণের লক্ষ্যে ঠিকাদার নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান। | ঠিকাদার নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের লক্ষ্যমাত্রা ১০-০৩-২০২১ তারিখ নির্ধারিত। এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১২. | [২.৬] ট্রাস্ট প্রধান কার্যালয় প্রয়োজনীয় মেরামতসহ রংকরণ। | মেরামতসহ রংকরণ কাজের লক্ষ্যমাত্রা ০১.০৩.২০২১ তারিখ নির্ধারিত। এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১৩. | ট্রাস্ট প্রধান কার্যালয়ের পরিত্যক্ত ও পুরাতন মালামাল বিক্রিকরণ। | পরিত্যক্ত ও পুরাতন দ্রব্যাদি বিক্রির লক্ষ্যমাত্রা ২১.০১.২১ তারিখ নির্ধারিত। পরিত্যক্ত ও পুরাতন মালামালের তালিকা প্রণয়ন করে নিয়ম-নীতি পালন সাপেক্ষে বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১৪. | [২.৮] গুলিস্তান কমপ্লেক্স ভবনের ৭ম তলায় অবস্থিত ট্রাস্টের কল্যাণ বিভাগে সিসিটিভি স্থাপন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০৬.০৮.২০২০ তারিখে কল্যাণ বিভাগে সিসিটিভি স্থাপন করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় ধন্যবাদ প্রদান করা হয়। | প্রকৌশল শাখা |

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্র: নং | কৌশলগত উদ্দেশ্যে/ কার্যক্রম | এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫. | [২.৯] ট্রাস্ট প্রধান কার্যালয়ে সিসিটিভি স্থাপন। | সিসিটিভি স্থাপনের লক্ষ্যমাত্রা ২০.০৯.২০২০ তারিখ নির্ধারিত। প্রকৌশল শাখা কর্তৃক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। | দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নিতে হবে। | প্রকৌশল শাখা |
| ১৬. | [২.১০] ট্রাস্টের মালিকানাধীন ঢাকার সিরকো সোপ এন্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি:-এর জমির ১০০ ফুট (কম-বেশি) সীমানা প্রাচীর নির্মাণ। | সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যমাত্রা ২২.১১.২০ তারিখ নির্ধারিত। প্রকৌশল শাখার প্রতিনিধি জানান নির্ধারিত তারিখের পূর্বেই কাজটি সম্পন্ন করা সম্ভব হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রকৌশল শাখা |
| ১৭. | [৩.১] সাংগঠনিক কাঠামোর শূন্য পদে কর্মচারীদের পদোন্নতি প্রদান। | এ বিষয়ে লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২০ তারিখ নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রশাসন বিভাগ |
| ১৮. | [৩.২] পেপারবিহীন দপ্তর বিনির্মাণে আইটি প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত স্থায়ী প্রশিক্ষণ পুল গঠনকরণ। | স্থায়ী প্রশিক্ষণ পুল গঠনের লক্ষ্যমাত্রা ৩১.০১.২১ তারিখ নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ পুল গঠন করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী স্থায়ী প্রশিক্ষণ পুল গঠন করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ১৯. | [৩.৩] বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা সপ্তাহ পালন। | সেবা সপ্তাহ পালনের লক্ষ্যমাত্রা ৩১.০১.২১ তারিখ নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা সপ্তাহ পালন করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা সপ্তাহ পালন করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ২০. | [৩.৪] রূপকল্প ২০২১ বাস্তবায়নে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক গৃহিত ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়ন। | ট্রাস্ট কর্তৃক গৃহিত ডিজিটাল রোডম্যাপ-এর ৪০% চলতি অর্থবছরে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত। লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রশাসন বিভাগ ও প্রকৌশল শাখা |
| ২১. | [৪.১] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান।<br><br>[৪.২] বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি প্রদান। | সাধারণ শিক্ষায় ২৯০০ জন এবং বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে ২ জন গবেষককে বৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় বৃত্তির টাকা সেপ্টেম্বর ২০২০ মাসের শেষ সপ্তাহে ১ম কিস্তি প্রেরণ করা হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | কল্যাণ বিভাগ |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | |
| ২২. | [১.১.১.] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ। | সেপ্টেম্বর ২০২০ অতিক্রান্ত হওয়ার পর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | প্রশাসন বিভাগ |
| ২৩. | [১.১.২.] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠান। | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা নিয়মিত অনুষ্ঠানের ব্যবস্থা নেয়া হবে। | নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে। | এপিএ টিম |
| ২৪. | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়। | বার্ষিক ৪টি মতবিনিময় সভার অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। ১৬-০৯-২০২০ তারিখে প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। ট্রাস্টের কল্যাণ বিভাগে আগত সেবাগ্রহিতাদের সাথে সভা করার বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) পদক্ষেপ গ্রহণ করবেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সংখ্যক সভা অনুষ্ঠানের ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ ও কল্যাণ বিভাগ |
| ২৫. | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহিতা/ অংশীজনদের অবহিতকরণ। | অভিযোগ প্রতিকার বিষয়ে সেবাগ্রহিতা/ অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ৪টি। জুলাই ২০২০ হতে অদ্যাবধি কোনো অভিযোগ পাওয়া যায়নি। যথাসময়ে নির্ধারিত সংখ্যক সভা আয়োজন করা হবে। | যথাসময়ে নির্ধারিত সংখ্যক সভা আয়োজনের ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ ও কল্যাণ বিভাগ |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্র: নং | কৌশলগত উদ্দেশ্যে/ কার্যক্রম | এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৬. | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণের বিষয়ে দৃশ্যমান স্থানে এ সংক্রান্ত তালিকা সম্বলিত বোর্ড স্থাপন করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন বিভাগ ও কল্যাণ বিভাগ |
| ২৭. | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত বিষয়ে ৪টি ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | আইসিটি কর্মকর্তা |
| ২৮. | [২.১] ই-নথি বাস্তবায়ন। | ই-নথি বাস্তবায়নের ক্ষেত্রে ৮০% নোট ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত। দাপ্তরিক কর্মকান্ডে ই-নথির মাধ্যমে নথি উপস্থাপনের লক্ষ্যে নথি উপস্থাপনকারী কর্মকর্তা/কর্মচারীদের ০১ মাসের মধ্যে আইসিটি কর্মকর্তার মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে মর্মে আলোচনা হয়। | নথি উপস্থাপনকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে আইসিটি কর্মকর্তার মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ |
| ২৯. | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ। | নতুন একটি ডিজিটাল সেবা চালুকরণের লক্ষ্যমাত্রা ১৫-০২-২০২১ তারিখ। লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিজিটাল সেবা চালুকরণের ব্যবস্থা নেয়া হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৩০. | [২.৩] সেবা সহজিকরণ। | একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ২৫-০২-২০২১ তারিখ। লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা সহজিকরণ বাস্তবায়নের ব্যবস্থা নেয়া হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৩১. | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত। | প্রত্যেক কর্মচারীর জন্য ৫০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। কর্মচারীদের তালিকা প্রণয়ন করে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৩২. | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্দ্ধ কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ। | এপিএ বিষয়ে ৫ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৩৩. | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান। | ন্যূনতম একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। এবিষয়ে পরবর্তীতে ব্যবস্থা গৃহিত হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৩৪. | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন। | ইতোমধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করা হবে। | ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করতে হবে। | সকল বিভাগ |
| ৩৫. | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/ বাজেট বাস্তবায়ন)। | বাজেট বরাদ্দ অনুযায়ী শতাংশ হারে ব্যয়ের তথ্য অর্থ বিভাগ হতে সরবরাহ করা হবে। | ব্যয় সংক্রান্ত তথ্য এপিএ'র অর্জন প্রতিবেদনে পাঠাতে হবে। | প্রশাসন ও অর্থ বিভাগ |
| ৩৬. | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত। | ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য অডিট আপত্তি নিষ্পত্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অর্থ বিভাগ |

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্র: নং | কৌশলগত উদ্দেশ্যে/ কার্যক্রম | এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩৭. | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ। | স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা ১৫.১২.২০২০ তারিখ নির্ধারিত। লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন বিভাগ |

২। সভায় আলোচনার জন্য আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল বিভাগ/শাখা সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে ডিজিএম/ডিসিই/ডিসিএ পদের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/০৪-১০-২০২০
(মোঃ আবু সাইদ ফকির)
পরিচালক (শিল্প ও বাণিজ্য)
ও
এপিএ বাস্তবায়ন টিম প্রধান

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১৮.০০৯.২০-৮৮০

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৭ / ০৪ অক্টোবর ২০২০

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (শিওবা/কল্যাণ/অর্থ)/ সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩। উপ-প্রধান প্রকৌশলী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৫। সহকারী প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

04/10/20
(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন টিম

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর
আগস্ট ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা টিমের সভার উপস্থিতি।

তারিখঃ 22-07-2020.

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব সাঈদ মাহমুদ বেলাল হায়দর<br>সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও<br>সদস্য, এপিএ বাস্তবায়ন টিম | [signature] 22/07/2020 |
| ২. | জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও<br>ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন টিম | [signature] 22/7/20 |
| ৩. | জনাব মোঃ ছালেহ আহমেদ<br>উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) ,<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও সদস্য, এপিএ বাস্তবায়ন টিম | [signature] 22.07.2020 |
| ৪. | জনাব মোঃ ফজলুল হক মিয়া<br>উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), রুটিন দায়িত্ব,<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও সদস্য, এপিএ বাস্তবায়ন টিম | |
| ৫. | জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও<br>সদস্য, এপিএ বাস্তবায়ন টিম | [signature] 22/07/2020 |
| ৬. | জনাব মোঃ বিল্লাল হোসেন<br>সহকারী গ্রেড-১ কাম কম্পিঃ অপাঃ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ<br>ট্রাস্ট ও সদস্য, এপিএ বাস্তবায়ন টিম | [signature] 22.07.20 |
| | | |
| | | |
| | | |
| | | |